

যায়যায়দিন

১৬

ঢাবি ছাত্রলীগ শাখার নবনিযুক্ত কমিটিকে অবাঞ্ছিত ঘোষণা করে পাল্টা কমিটি গঠন

ইউনিভার্সিটি রিপোর্টার

আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা মনোনীত ছাত্রলীগ ঢাকা ইউনিভার্সিটি শাখার কমিটিকে অবাঞ্ছিত ঘোষণা করে মাত্র দু'দিন পরই পাল্টা কমিটি ঘোষণা করেন সংগঠনের বাদ পড়া নেতারা। গতকাল এক প্রেস কনফারেন্সের মাধ্যমে তারা এ কমিটি ঘোষণা করেন। পূর্ববর্তী কমিটির নেতাদের ক্যাম্পাসে অবাঞ্ছিত ঘোষণা করেন তারা। নতুন এ কমিটির সভাপতি হলেন মিজানুর রহমান ও সাধারণ সম্পাদক রফিকুল আলম গাফফারী রাসেল। এ কমিটি ঘোষণার পর ক্যাম্পাসে ছাত্রলীগ নেতাকর্মীদের মধ্যে থমথমে অবস্থা বিরাজ করছে। যে কোনো মুহুর্তে সংঘর্ষ বাধতে পারে দুই কমিটির নেতাকর্মীদের মধ্যে।

গতকাল বৃহস্পতিবার টিএসসিতে প্রেস কনফারেন্সের মাধ্যমে আগের কমিটির নেতাদের ক্যাম্পাসে অবাঞ্ছিত করে নতুন কমিটি ঘোষণা করেন পদবঞ্চিত নেতারা। প্রেস কনফারেন্সে লিখিত বক্তব্য পাঠ করেন শাহাদাত হোসেন সূজন। লিখিত বক্তব্যে বলা হয়, শেখ হাসিনার নির্দেশনা অনুযায়ী গণতান্ত্রিক প্রক্রিয়ায় এ কমিটি

ঘোষণা করা হলো। এ কমিটির সদস্য সংখ্যা ৫৭। প্রেস কনফারেন্সে নেতারা বলেন, আন্দোলন-সংগ্রামসহ যে কোনো কর্মসূচিতে শেখ হাসিনা বর্তমান কমিটিকে পাশে পাবেন এবং নেত্রীর নির্দেশ প্রয়োজনে তারা রক্ত দিয়ে হলেও রক্ষা করবে।

শেখ হাসিনা মনোনীত ছাত্রলীগের ৫৫ সদস্যের কমিটি গত মঙ্গলবার রাতে ঘোষণা করা হয়। এ কমিটির সভাপতি হলেন সোহেল রানা টিপু ও সাধারণ সম্পাদক সাজ্জাদ সাকিব।

এদিকে ছাত্রলীগ গত ১৯ দিনে ঢাকা ইউনিভার্সিটিতে কোনো কর্মসূচি পালন করতে না পারলেও এ কমিটি ঘোষণার পরপরই তারা ক্যাম্পাসে আনন্দ মিছিল করে।

পদ বঞ্চিতদের কমিটি সম্পর্কে ছাত্রলীগ সাধারণ সম্পাদক মাহফুজুল হায়দার চৌধুরী রোটন সাংবাদিকদের বলেন, কে বা কারা ছাত্রলীগের মূল শ্রোতকে বাদ দিয়ে কমিটি ঘোষণা করলো তা জানার প্রয়োজন নেই। এ বিষয়ে সোহেল রানা টিপু সাংবাদিকদের বলেন, আমরা সাংগঠনিক পদ্ধতিতে কেন্দ্রীয় কমিটির মাধ্যমে দায়িত্ব পেয়েছি।